

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.১৩৯

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৯

০৫ জুন ২০২২

বিষয়: টাঙ্গাইল জেলার সদর উপজেলাধীন 'জাহান আরা বেগম স্কুল' এর মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে আবেদনপত্র পাওয়া গেছে:

ক্র: নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	বিষয়
১.	জাহান আরা বেগম স্কুল, সদর, টাঙ্গাইল	মাধ্যমিক পর্যায়ে পাঠদান।

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্বে বর্ণিত বিষয়ে সরেজমিনে পরিদর্শন করে নিম্নোক্ত তথ্যাদি সংযুক্ত/সন্নিবেশ করে নির্ধারিত ছক মোতাবেক মতামত/সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) প্রতিষ্ঠানের EIIN নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ও ইমেইল ঠিকানা;
- (২) প্রতিষ্ঠানের নিজস্ব ভূমির নামজারি এবং হালনাগাদ খাজনা পরিশোধের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);
- (৩) ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণ হলে ব্যক্তির পরিচয় প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তিনামে নামকরণের জন্য স্তরভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক- সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে); ও
- (৪) মাধ্যমিক পর্যায়ে পাঠদানের ক্ষেত্রে ৩ বছরের জেএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারি শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ)।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৫-৬-২০২২

মোছাঃ শাম্মী আক্তার

উপসচিব

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৫৪৫৭২০

ফ্যাক্স: ৯৫১৪১১৪


ইমেইল: ds_sec2@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.১৩৯/১(৬)

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ২) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) প্রধান শিক্ষক, জাহান আরা বেগম স্কুল, সদর, টাঙ্গাইল
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৫-৬-২০২২

মোছাঃ শাম্মী আক্তার
উপসচিব